দৈনিক বাংলা

তারিখ 0.5 MAR. 1996
পৃষ্ঠা ১৬ কলাম ৫

১২

# ভার্সিটিতে শিক্ষার পরিবেশ বজায় রাখুন ঃ ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ সোমবার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে আলোচনাকালে বলেছেন—জাতীয় রাজনীতি তার নিজস্ব গতিতে চলতে পারে। রাজনীতির প্রতিফলন হিসাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ যাতে ব্যাহত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

তিনি বলেন, ব্যক্তিগত বিদ্বেষ দলীয়ভাবে গ্রহণ করে কোন বিশৃঙ্খলা ঘটানোর চেষ্টা করলে তাতে কোন সমস্যার সমাধান আসে না। পরমত সহিষ্ণুতা, আলাপ-আলোচনা ও সতর্ক দৃষ্টির মাধ্যমে পারস্পরিক সম্পর্ক অক্ষুণ্ন রাখার জন্য তিনি ছাত্র নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।

আলোচনা সভায় ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে তাঁকে আশ্বাস প্রদান করেন।

ভিসির সভাকক্ষে অনুষ্ঠিত এ আলোচনা সভায় ছাত্রদলের নাসির উদ্দীন অসীম জাকির আহমদ বাবলু, সুলতান সালাহ উদ্দীন টুকু, ছাত্রলীগ (শা-পা) মাহাবুবুল হক শাকিল, অজয় কর খোকন, বাহাদুর বেপারী, ছাত্রলীগের (কা-চু) ওবায়দুর রহমান চুন্নু, ছাত্র ইউনিয়নের সমির মিত্র ও শহীদুল ইসলাম রিপন প্রমুখ উপস্থিত ছিলেন।